মেহেরপুরে ২৩ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে ২৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১৫ জন, গাংনীতে ৬ জন, মুজিবনগর ২ জন।

শুক্রবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৪৪টি। তারমধ্যে ২৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৬৪৪ জন। তার মধ্যে সদরে ১৪৪ জন, গাংনীতে ৩৬৭ জন এবং মুজিবনগরে ১৩৩ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১২০ জন । মৃতদের মধ্যে সদরে ৫৪ জন, গাংনী ৪২ জন ও মুজিবনগরে ২৪ জন।
এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচিঁ কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

গ্রামবাসীকে এ্যাম্বুলেন্স উপহার দিলেন সৌদি প্রবাসী রাজনগরের আমিনুল

করেনাকালীন মুহূর্তে গ্রামবাসীর চিকিৎসায় এ্যাম্বুলেন্স উপহার দিলেন এক সৌদি প্রবাসী। শুধুমাত্র করোনা রোগীই নয়,যে কোনো রোগী গ্রাম থেকে হাসপাতালে নিতে এলাকার মানুষ বিনামূল্যে ব্যাবহার করবেন প্রবাসীর দেয়া উপহারের এই এ্যাম্বুলেন্স। প্রতিমাসের জ্বালানি ও চালকের বেতনও প্রদান করবেন গ্রামের অন্যান্য বিত্তবানসহ মানবিক ওই প্রবাসী । প্রবাসীর দেয়া এ্যাম্বুলেন্স পেয়ে খুশি এলাকার মানুষ। এমন মানবিক উপহার

ভোগ করবে। এই বিপদকালীন মুহুর্তে দুর থেকে এলাকার প্রতিটি মানুষের পাশে থাকতে পারছেন প্রবাসী আমিনুল ইসলাম। এলাকার প্রতিটি বিত্ত্ববানদের এভাবেই মানুষের পাশে দাঁড়ানো উচিৎ বলেও মন্তব্য করেন এ চিকিৎসক।

পিরোজপুর ইউপি চেয়ারম্যান বাবলু বিশ্বাস বলেন, করোনাকালীন সময়ে কোনো মানুষ অসুখ হলে তাকে হাসপাতালে নিতে খুব কস্টের মধ্যে পড়ছেন তার পরিবার। আমিনুল ইসলাম দুর থেকে সে বিষয়টি উপলদ্ধি করে মহৎ কাজটি করছেন তা অবশ্যই ভালকাজ। প্রতিটি গ্রামে একটি করে এ্যাম্বুলেন্স থাকলে মানুষ উপকৃত হবে।

চুয়াডাঙ্গায় সেনাবাহিনীর টহল শুরু

কোভিড সংক্রমণের ঊর্ধ্বগতি ঠেকাতে সারাদেশে চৌদ্দ দিনের সর্বাত্মক লকডাউন শুরু হয়েছে। লকডাউনের শুরুর দিন শুক্রবার সকাল থেকে পুলিশ, র্যাব, বিজিবিসহ সেনাবাহিনীর সদস্যরা মাঠে রয়েছেন। রাস্তাঘাটে লকডাউনের প্রথম দিনে অধিকাংশ জায়গায় লোক সমাগম দেখা গেছে সকাল থেকেই।

চুয়াডাঙ্গায় বিভিন্ন এলাকায় সকাল সেনাবাহিনীর সদস্যদের গাড়ি নিয়ে টহল দিতে দেখা গেছে।শুক্রবার সকালে সরেজমিনে দেখা যায়, চুয়াডাঙ্গায় অধিকাংশ এলাকায় মোড়ে মোড়ে পুলিশ চেকপোস্ট বসিয়েছে। সেনাবাহিনী গাড়ি রাস্তায় দেখে গেছে।লোকসমাগম এলাকায় সাধারণ মানুষদের আইনশৃঙ্খলাবাহিনীর সদস্যরা তাদের বুঝিয়ে ঘরে যেতে বলছেন।

জেলা চামড়া সমিতির যুগ্ম সাধারন সম্পাদক সোহেল রানা বলেন, এই অর্থ সংকটের কারনে এবছর চামড়া সংগ্রহের লক্ষমাত্রা অর্জন হবেনা বলে জানান তারা। তাই সরকারের সহায়তা কামনা করেছেন কুষ্টিয়া চামড়া সমিতির এই নেতা।

কুষ্টিয়ার চামড়া ব্যবসায়ীরা অর্থ সংকটে পর্যাপ্ত চামড়া সংগ্রহ করতে পারছেনা

প্রতিবছরের ন্যায় ঈদ উল আজহা আসলেই অন্যান্য জেলার মতো কুষ্টিয়াতেও চামড়া সংগ্রহ সংশ্লিষ্ঠদের ব্যস্ত সময় পার করার কথা থাকলেও অর্থাভাবে পূর্বের ন্যায় কর্মব্যাস্ততা নেই জেলার চামড়ার আড়তগুলোতে। দাম কম এবং আমদানী কমে যাওয়ায় এ পেশায় সংশ্লিষ্ঠরা ভালো নেই। জেলার চামড়া ব্যাবসায়ীদের অভিযোগ কোরবানির আগে চামড়াশিল্পের মালিকদের যে ঋণ দেওয়া হয় সেই টাকা এবং পূর্বের বকেয়া শোধ না করায় সৃষ্টি হয় এই সংকট। এ অবস্থায় সরকারের সহায়তা কামনা করেছেন কুষ্টিয়া চামড়া সমিতি।
প্রতিবছরই কুষ্টিয়ার আশেপাশের কয়েকটি জেলা থেকে লক্ষাধিক কুরবানির পশুর কাঁচা চামড়া আমদানি হয় জেলার আড়তগুলোতে। কুরবানীর সময় হওয়ায় আড়তগুলোর কাঁচা চামড়ার সিংহভাগই আমদানি হয় এসময়। এ বছরও স্থানীয় ব্যাবসায়ীদের চার লক্ষাধীক চামড়া সংগ্রহের ইচ্ছা থাকলেও অর্থ সংকটের কারনে বিগত কয়েক বছরে থেকে এবার চামড়ার মুল্যবেশী হলেও চামড়ার দাম এখনো কম থাকায় বর্তমানে বিপাকে রয়েছে মাঠ পর্যায়ের ক্রেতা-বিক্রেতাসহ স্থানীয় চামড়া ব্যবসায়ীরা। সাধারণ বিক্রেতাদের অভিযোগ দামের উপর ট্যানারি মালিকদের প্রভাব বিস্তার করার কারনে কম দামে চামড়া বিক্রি করতে বিক্রেতাকে বাধ্য করে তারা।
সাধারণ বিক্রেতাদের অভিযোগ চামড়ার মূল্য কমে হওয়ায় দুস্থমানুষের এই হক আদায় সঠিকভাবে করা যাচ্ছে না। আর এ পেশায় সংশ্লিষ্ঠরা জানান চামড়া সংগ্রহের এসময় কর্মব্যস্ততা না থাকায় ভালো নেই তারা।
কুষ্টিয়া চামড়া সমিতির সাবেক সভাপতি মো: মোজাম্মেল হক জানান, কোরবানির আগে চামড়া শিল্পের মালিকদের যে ঋণ দেওয়া হয় সেই টাকা জেলা পর্যায়ে না পাওয়া এবং পূর্বের বকেয়া পরিশোধ না করায় অর্থ সংকটের বিপাকে রয়েছে কুষ্টিয়ার চামড়া ব্যাবসায়ীরা।
জেলা চামড়া সমিতির যুগ্ম সাধারন সম্পাদক সোহেল রানা বলেন, এই অর্থ সংকটের কারনে এবছর চামড়া সংগ্রহের লক্ষমাত্রা অর্জন হবেনা বলে জানান তারা। তাই সরকারের সহায়তা কামনা করেছেন কুষ্টিয়া চামড়া সমিতির এই নেতা।

কুষ্টিয়ায় করোনায় আরও ১৭ জনের মৃত্যু

কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় করোনা ও উপসর্গ নিয়ে আরও ১৭ জনের মৃত্যু হয়েছে। তাদের মধ্যে করোনায় ১১ এবং উপসর্গ নিয়ে ৬ জনের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার (২২ জুলাই) সকাল ৮টা থেকে শুক্রবার (২৩ জুলাই) সকাল ৮টা পর্যন্ত সময়ে তাদের মৃত্যু হয়েছে।

শুক্রবার সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

তত্ত্বাবধায়ক ডা. আব্দুল মোমেন জানিয়েছেন, গত ২৪ ঘন্টায় ১৭৭ নমুনা পরীক্ষায় ৫৭ জনের করোনা শনাক্ত হয়েছে। নমুনা পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ৩২ দশমিক ২০ শতাংশ।

তিনি আরও জানান, কুষ্টিয়া করোনা ডেডিকেডেট জেনারেল হাসপাতালে ২০০ বেড রয়েছে। সেখানে করোনা ও উপসর্গ নিয়ে এখন ভর্তি আছে ২৩৫ জন। এর মধ্যে করোনা শনাক্ত ১৭৯ জন। বাকিরা উপসর্গ নিয়ে ভর্তি রয়েছেন। প্রায় ৭০ শতাংশ রোগীদের অক্সিজেন প্রয়োজন হচ্ছে।

গত ৭ দিনেই কুষ্টিয়ায় করোনা আক্রান্ত হয়ে ৭৮ জনের মৃত্যু হয়েছে এবং ১ হাজার ৯৮ জন করোনায় আক্রান্ত হয়েছে। এ পর্যন্ত শুধুমাত্র করোনা আক্রান্ত হয়ে ৪৬৫ জনের মৃত্যু হয়েছে।

এদিকে শুক্রবার সকাল (২৩ জুলাই) থেকে ১৪ দিনের লকডাউন শুরু হয়েছে।
লকডাউনে সপ্তাহের শুক্রবার, সোমবার ও বুধবার কাঁচাবাজার ও নিত্য প্রয়োজনীয় দোকান সকাল ৭ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত খোলা রাখার নির্দেশনা জারী করেছে জেলা প্রশাসন।

মেহেরপুরে ৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৮

মেহেরপুরে নতুন করে ৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনীতে ৪ জন, মুজিবনগর ২ জন।

বৃহস্পিতবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৪টি। তারমধ্যে ৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭০১ জন। তার মধ্যে সদরে ১৩৪ জন, গাংনীতে ৪৪২ জন এবং মুজিবনগরে ১৩১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১১৭ জন । মৃতদের মধ্যে সদরে ৫১ জন, গাংনী ৪২ জন ও মুজিবনগরে ২৪ জন।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয়
মুজিবনগর উপজেলার চকশ্যামনগর গ্রামের বুলবুলি (৪০),মনোয়ারা (৫০)। গাংনী উপজেলার এলেঙ্গি গ্রামের মুশা (৭০),পান্না (২২),নিশিপুর গ্রামের সুজন (৩৩),ধানখোলা গ্রামের শামসুন্নাহার (৭৫),

চুয়াডাঙ্গায় মাইক্রোবাসের ধাক্কায় মাদ্রাসা ছাত্র নিহত

চুয়াডাঙ্গায় মাইক্রোবাসের ধাক্কায় ঝোরে গেল আরও একটি প্রাণ। চুয়াডাঙ্গায় রাস্তা পার হওয়ার সময় মাইক্রোবাসের ধাক্কায় তোজো
(৭) নামের এক মাদরাসা ছাত্র নিহত হয়েছে। বৃহস্পতিবার সন্ধায় চুয়াডাঙ্গা-দামুড়হুদা সড়কের এলজিইডির অদুরে এ ঘটনা ঘটে। নিহত

তোজো চুয়াডাঙ্গা পৌর এলাকার হাটকালুগঞ্জ এলজিইডি পাড়ার বিশারত আলীর ছেলে ও এলাকার মারকাজুল উলুম ইসলামিয়া কওমি মাদরাসার ছাত্র।

প্রতক্ষদর্শীরা জানান, সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে বাড়ির সামনে রাস্তা পার হচ্ছিল তোজো। এসময় দামুড়হুদা থেকে চুয়াডাঙ্গা শহরে অভিমুখে আসা একটি সাদা রঙের মাইক্রোবাস তাকে ধাক্কা দিয়ে চলে যায়। স্থানীয় লোকজন রক্তাক্ত অবস্থায় তোজোকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়।

সেখানে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সৌরভ হোসেন তাকে মৃত বলে ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফখরুল আলম খান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, নিহতের পরিবারের লোকজনের কোন অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই মৃতদের পরিবারের লোকজনের কাছে হস্তান্তর করা হয়েছে

জনপ্রিয় ঝিনেদার টিভির সি ই ও সাংবাদিক রিজভী আহমেদের উপর সন্ত্রাসী হামলা

ঝিনাইদহে জনপ্রিয় অনলাইন টেলিভিশন ঝিনেদার টিভির সি ই ও রিজভী ইয়ামেনের উপর সন্ত্রাসী হামলা হয়েছে। বৃহস্পতিবার রাত ৯টার দিকে রিজভী আমিন তার অফিসের নিচে দাঁড়িয়ে ছিল।

এসময় কতিপয় দুর্বৃত্ত আতর্কিত তাঁর উপরে হামলা চালায়। হামলায় তার নাক দিয়ে রক্ত ক্ষরণ হয়। প্রথমে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয় সেখানে কোন বিশেষজ্ঞ চিকিৎসক না থাকায় ঝিনাইদহ শহরের আলফালাহ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অল্প সময়ে তার অনলাইন টেলিভিশনটি ব্যাপক জনপ্রিয়তা অর্জন করায় তাঁর উপরে হামলা হয়েছে বলে তার সহকর্মীরা জানিয়েছেন। এ সময় তার

অফিসের টেলিভিশন ক্যামেরা টি অন ছিল হামলাকারীদের শনাক্ত করা সম্ভব হবে বলে জানা গেছে।

বিষয়টি পুলিশকে অবহিত করা হয়েছে।

মেহেরপুর উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হলরুমের উদ্বোধন

মেহেরপুর উপজেলা পরিষদের নবনির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুমের উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকালের দিকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জুমের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুমের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন,জুমের মাধ্যমে প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, বর্তমান সরকার উন্নয়নের সরকার, এই সরকারের আমলে আমরা ভৈরব নদ খনন করেছি, আবারো ভৈরব নদ পুনঃখনন এর জন্য অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। সড়ক নির্মাণ সহ বিভিন্ন ভবন, বিশ্ববিদ্যালয় এবং রেল লাইনের কাজ শুরুর পথে।

সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জুমের মাধ্যমে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন এনডিসি, জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, প্রকল্প পরিচালক উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প এলজিইডির প্রকৌশলী জিপি চৌধুরী।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহি অফিসার মাসুদুল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর এলজিইডির নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামান। পরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ৪ কোটি ৪৭ লক্ষ ৩২ হাজার ৪৩০ টাকা ব্যায় সাপেক্ষে নির্মিত ৬ তলা

ফাউন্ডেশন এর ৪ তলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন এবং ২শ আসন বিশিষ্ট হলরুমের উদ্বোধন ঘোষণা করেন। পরে জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ অন্যান্য অতিথিবৃন্দ নবনির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবন হলরুমের ফিতা কাটেন এবং নাম ফলক উন্মোচন করেন। এ সময় সেখানে মোনাজাত করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) হাফিজ আল আসাদ,(রাজস্ব) তুষার কান্তি পাল,মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম, আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন দাশগুপ্ত, কাজী মোহাম্মদ অনিক ইসলাম, নিরুপমা রায়, ভাইস চেয়ারম্যান মোমিনুল ইসলাম, লতিফুন্নেছা লতা, ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, আনারুল ইসলাম, শাহজামান, জেলা পরিষদের সদস্য শামীম আরা হীরা,উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আফিল উদ্দিন, শিক্ষক নেতা কোমর উদ্দিন সহ জনপ্রতিনিধিগন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে ৮জনের মৃত্যু

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ও উপসর্গ নিয়ে আট জনের মৃত্যু হয়েছে। গত কাল বুধবার রাত ৮টা থেকে বৃহস্পতিবার সকাল ৮ টা পর্যন্ত তাদের মৃত্যু হয়।

মৃত্যবরণ করা আট জন হলেন মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের মকছেদ (৯৫),কোলা গ্রামের সালমা (৬৫) গোভীপুর গ্রামের আফতাব আলী (৬৫), বলিয়ারপুর গ্রামের শারজিনা খাতুন (৩৫) মেহেরপুর পৌর শহরের হালদার পাড়ার রমজান আলী (৬০),মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের ইসকাতন (৬৫), গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের মাহাতাব (৬৫)।

হাসপাতাল সূত্রে জানা গেছে, সকলেই জ্বর, সর্দি, কাশি, গলা ব্যথা ও শ্বাসকষ্ট নিয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে করোনা ইউনিটে ভর্তি হয়েছিলেন পরে চিকিৎসাধীন অবস্থায় তাদের